দৈনিক ইত্তেফাক

তারিখ ...11 OCT 2017...
পৃষ্ঠা ...2... কলাম...৭...

# প্রাথমিক বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণি চালু করা যাবে না

## শিক্ষা মন্ত্রণালয়ের চিঠি

■ ইত্তেফাক রিপোর্ট

প্রাথমিক বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণি চালু করা যাবে না। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে এমনটি জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। জাতীয় শিক্ষানীতি-২০১০ বাস্তবায়নের লক্ষ্যে সব সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণি খোলার বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন চেয়েছিল প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়; কিন্তু মন্ত্রিসভার সিদ্ধান্ত না পাওয়ার কথা জানিয়ে আবেদন বিবেচনা করেনি শিক্ষা মন্ত্রণালয়।

চলতি সপ্তাহে শিক্ষা মন্ত্রণালয় এক চিঠিতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিবকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণি খোলা নিয়ে তাদের আপত্তির কথা জানানো হয়।

শিক্ষানীতি অনুযায়ী, প্রাথমিক শিক্ষার স্তর পঞ্চম থেকে অষ্টম শ্রেণিতে উন্নীত করবে সরকার। আর মাধ্যমিক স্তর হবে অষ্টম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত। এর আলোকে দেশের ৬ শতাধিক স্কুলে ষষ্ঠ শ্রেণি চালু করা হয়।

মন্ত্রিসভার সিদ্ধান্তে ২০০৯ সালে পঞ্চম শ্রেণিতে প্রাথমিক সমাপনী পরীক্ষার প্রচলন হয়। পরের বছর মাদ্রাসার শিক্ষার্থীদের জন্য চালু হয় ইবতেদায়ি সমাপনী পরীক্ষা। আর অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের জন্য আলাদাভাবে আয়োজন করা হয় জেএসসি-জেডিসি পরীক্ষা।

গতবছর থেকে প্রাথমিক শিক্ষা সমাপনী বাতিল করে অষ্টম শ্রেণিতে এ পরীক্ষা নেওয়ার জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে আগ্রহ জানানো হয়; কিন্তু মন্ত্রিসভার এ বিষয়ে সাড়া না পাওয়ায় তা আর এগোয়নি।

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ এবং গণশিক্ষা মন্ত্রী মোস্তাফিজুর রহমান ফিজারের উপস্থিতিতে গত ১৬ মে এক সভা হয়। এক সভার কথা তুলে ধরে শিক্ষা মন্ত্রণালয়ের চিঠিতে বলা হয়েছে, মন্ত্রিসভার পর্যালোচনা ও সিদ্ধান্তের প্রেক্ষিতে পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত প্রাথমিক শিক্ষা পঞ্চম শ্রেণি পর্যন্ত অব্যাহত থাকবে।